

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
পল্লীভবন
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৫০৬.০০.৮২৫.৯৬. ৬৪৫৫

তারিখ ২০ জুলাই, ২০১৯খ্রি।

বিষয়ঃ ইউসিসিএ কর্মচারীদের গ্র্যাচুইটি প্রদানের নিমিত্ত প্রস্তাব প্রেরণ সংক্রান্ত নির্দেশনা।

লক্ষ্য করা যাচ্ছে যে, মাঠ পর্যায় হতে ইউসিসিএ'র অবসরপ্রাপ্ত কর্মচারীদের গ্র্যাচুইটি অনুমোদনের জন্য অসম্পূর্ণ প্রস্তাব সদর দপ্তরে প্রেরণ করা হচ্ছে। এ কারণে অবসরভোগী ইউসিসিএ কর্মচারীদের সময়মত গ্র্যাচুইটি প্রদানের লক্ষ্যে সিদ্ধান্ত প্রদান বিলম্বিত হচ্ছে। এতদপ্রেক্ষিতে, গ্র্যাচুইটি প্রক্রিয়া দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রতিটি প্রস্তাবের সাথে নিম্নোক্ত তথ্য ও কাগজ-পত্রাদি ইউআরডিও কর্তৃক সত্যায়িত ও সুপারিশসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে অনুরোধ করা হলোঃ

- কর্মচারীদের মডেল চাকরি প্রবিধানমালা/ ২০১৮ ইউসিসিএ লি. কর্তৃক গৃহীত হয়েছে কিনা? গৃহীত হলে তার প্রমাণস্বরূপ বার্ষিক/ বিশেষ সাধারণ সভার কার্যবিবরণী'র ছায়ািলিপি;
- কর্মচারীর গ্র্যাচুইটি'র আবেদন;
- ইউসিসিএ'র বার্ষিক/ বিশেষ সাধারণ সভায় সুনির্দিষ্ট আলোচ্যসূচি'র মাধ্যমে সংশ্লিষ্ট কর্মচারীর গ্র্যাচুইটি প্রদান বিষয়ে গৃহীত সিদ্ধান্তের ছায়ািলিপি;
- চাকরি হইতে অবসর/ ইস্তফা/ অব্যাহতি'র ছাড়পত্র;
- কর্মচারীদের মডেল চাকরি প্রবিধানমালা/ ২০১৮ এর অনুচ্ছেদ ৩৩ এর (১) অনুযায়ী গঠিত গ্র্যাচুইটি তহবিলের বছরভিত্তিক হিসাব বিবরণী (সংযুক্ত ছক মোতাবেক);
- ইউসিসিএ লি.এর কর্মচারীদের মডেল চাকরি প্রবিধানমালা/ ২০১৮ এর অনুচ্ছেদ ১(ফ) অনুযায়ী গঠিত খাতওয়ারী দায়মুক্ত তহবিলের হিসাব বিবরণী;
- 'গ্র্যাচুইটি তহবিল' সংক্রান্ত ব্যাংক হিসাব বিবরণী;
- ইউসিসিএ'র সর্বশেষ অর্থবছরের অডিটকৃত স্থিতিপত্র (ব্যালেন্স শীট) এর ছায়ািলিপি;
- কর্মচারীর দায়-দেনা সম্পর্কিত প্রত্যয়ন পত্র;
- কর্মচারীর দায়িত্ব হস্তান্তর এর ছায়ািলিপি;

ছক

আর্থিক বছর	ইউসিসিএ'র নীট মুনাফার পরিমাণ	গ্র্যাচুইটি বাবদ স্থানান্তরযোগ্য/ স্থানান্তরিত তহবিলের পরিমাণ	গ্র্যাচুইটি তহবিলের অর্জিত সুদ	ক্রমপঞ্জিত মোট তহবিল	এ পর্যন্ত গ্র্যাচুইটি প্রদান	গ্র্যাচুইটি তহবিলে ক্রমপঞ্জিত স্থিতি	মন্তব্য
							এতদসংক্রান্ত অডিট নোট সংযুক্ত করতে হবে।

মো. মাহমুদুল হোসাইন খান
(যুগ্মসচিব)
পরিচালক (সরেজমিন)
ফোন: ৮১৮০০০৬

উপপরিচালক
বিআরডিবি (জেলা দপ্তর, সকল)।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। উপপরিচালক (প্রোগ্রামিং), সদর দপ্তর, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।